

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯১৮

১৯/ रজ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১৫. তালবিয়া

بَابِ التَّلْبِيَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَة، وَأَبُو أُسَامَة وَعَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَر، عَلَى الله عليه بْنِ عُمَر، عَلَى الله عليه وسلم ـ وَهُو يَقُولُ " لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ لَبَيْكَ لَا شَرِيكَ لَكَ لَبَيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لَا شَرِيكَ لَكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ إَنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لَا شَرِيكَ لَكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ وَالْخَيْرُ وَالْخَيْرُ وَالْحَمْلُ .

বাংলা

১/২৯১৮। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট তালবিয়া শিখেছি। তিনি বলেনঃ ''লাব্বায়কা আল্লাহুম্মা লাব্বায়কা লাব্বায়কা, লা শারীকা লাকা লাব্বায়কা। ইন্নাল-হাম্দা ওয়ান-নিয়'মাতা লাকা ওয়াল মুলকা লা শারীকা লাকা (''হে আল্লাহ! আমি তোমার নিকট উপস্থিত আছি, তোমার দরবারে হাযির হয়েছি। তোমার কোন শরীক নেই, আমি তোমার নিকট হাযির হয়েছি। নিশ্চয় সকল প্রশংসা ও নিয়ামত তোমারই এবং সমগ্র রাজত্ব ও কর্তৃত্ব তোমার। তোমার কোন শরীক নাই'')।

রাবী (রহঃ) বলেন, ইবনে উমার (রাঃ) এর সাথে যোগ করতেনঃ ''লাব্বায়াকা লাব্বায়কা লাব্বায়কা ওয়া সা'দায়কা ওয়াল-খায়রু ফী ইয়াদায়কা, লাব্বায়কা ওয়ার-রাগবাউ ইলায়কা ওয়াল-আমলু'' (''তোমার দরবারে উপস্থিত হয়েছি, তোমার নিকট হাযির হয়েছি, তোমার নিকট হাযির আছি, তোমার খেদমতে সৌভাগ্য লাভ করেছি। সমস্ত কল্যাণ তোমার হাতে, আমি তোমার সমীপে উপস্থিত হয়েছি। সমস্ত আকর্ষণ তোমার প্রতি এবং সকল কাজ তোমারই নির্দেশে'')।

English

It was narrated from Nafi', that Ibn 'Umar said:



"I learned the Talbiyah from the Messenger of Allah () who said: Labbaika Allahumma labbaik, labbaika la sharika laka labbaik. Innal-hamda wan-ni'mata laka, wal-mulk. La sharika laka (Here I am, O Allah, here I am. Here I am, You have no partner, here I am. Verily all praise and blessings are Yours, and all sovereignty, You have no partner)." He said: "And Ibn 'Umar used to add: Labbaika labbaika labbaika wa sa'daika wal-khairu fi yadaika, labbaika war-raghba'u ilaika wal-'amal (Here I am, here I am, here I am, and at Your service; all good is in Your Hands, here I am, seeking Your pleasure and striving for Your sake)."

ফুটনোট

সহীহুল বুখারী ১৫৪০, ১৫৪৯, ৫৯১৫, মুসলিম ১১৮৪, তিরমিয়ী ৮২৫, ৮২৬, নাসায়ী ২৭৪৭, ২৭৪৯, ২৭৫০, আবূ দাউদ ১৮১২, আহমাদ ৪৪৪৩, ৪৮০৬, ৪৮৭৭, ৪৯৭৭, ৪৯৯৯, ৫০৫১, ৫০৬৭, ৫১৩২, ৫৪৫১, ৫৪৮৪, ৫৯৮৫, ৬১১১, মুয়ান্তা মালেক ৭৩৮, দারেমী ১৮০৪, রাওদুন নাদীর ৫৪০, সহীহ আবু দাউদ ১৫৯০।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন